মেহেরপুরে জেলা বিএনপি’র পথসভা ও গণসংযোগ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা, লিফলেট বিতরণ ও গণসংযোগ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

রবিবার (২৯ ডিসেম্বর) বিকেল ৩টায় সদর উপজেলার আমদাহ ইউনিয়নের বামনপাড়া থেকে শুরু হয় এই পথসভা, লিফলেট বিতরণ এবং গণসংযোগ। পর্যায়ক্রমে আমদাহ ও আশরাফপুর গ্রামেও গণসংযোগ পরিচালিত হয়।

এই কর্মসূচির নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। তার সঙ্গে ছিলেন জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম ও ফয়েজ মোহাম্মাদ।

নেতারা জানান, তারেক রহমান প্রদত্ত ৩১ দফার মূল লক্ষ্য হলো গণতন্ত্র পুনরুদ্ধার, সুশাসন প্রতিষ্ঠা, ও জনগণের মৌলিক অধিকার নিশ্চিত করা। এসব দফার গুরুত্ব তুলে ধরতে লিফলেট বিতরণ ও সরাসরি জনগণের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে প্রচারণা চালানো হচ্ছে।

এসময় জেলা বিএনপি’র সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান, আনসারুল হক, মীর ওমর ফারুক, ওমর ফারুক লিটন, সাবেক সহ-সাধারণ সম্পাদক এম এ কে খায়রুল বাশার, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা খাতুন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, সাবেক সদস্য আলমগীর হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাবলু, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, বিএনপি নেতা জমিরুল ইসলামসহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ, স্থানীয় নেতাকর্মী ও সাধারণ মানুষেরা উপস্থিত ছিলেন।

ঢাকাতে সাংবাদিকদের ওপর হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

রাজধানীর বাংলামোটরে দৈনিক জনবাণী পত্রিকার সম্পাদক ও প্রকাশক শফিকুল ইসলাম, ব্যবস্থাপনা সম্পাদক রাজু আহমেদ শাহ, বিশেষ প্রতিনিধি বশির হোসেন খান এবং অনলাইন মাল্টিমিডিয়া সম্পাদক আতাউর হোসেনের ওপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন করেছে সাংবাদিক সমাজ।

রবিবার সকাল ১১ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মেহেরপুরে কর্মরত সর্বস্তরের সাংবাদিকদের আয়োজনে ঘন্টা ব্যাপি এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

দৈনিক জনবানীর জেলা প্রতিনিধি রাশেদ খানের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন মেহেরপুর রিপোর্টাস ক্লাবের সভাপতি মাহাবুবুল হক পোলেন, সাধারণ সম্পাদক মিজানুর রহমান, সাংবাদিক রাশেদুজ্জামান, রাব্বি আহমেদ, সাজিবুল হক, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান।

এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন দৈনিক পশ্চিমাঞ্চলের সদর উপজেলা প্রতিনিধি কামরুল হাসান, দৈনিক মেহেরপুর প্রতিদিনের প্রতিনিধি আবু রায়হান (নিরব), সাকিব হাসান রুদ্রসহ অন্যান্যরা।

এ সময় বক্তরা বলেন রাজধানীর বাংলামোটরে দৈনিক জনবাণী পত্রিকার সম্পাদক ও প্রকাশক শফিকুল ইসলাম সহ পত্রিকাটির চার সাংবাদিকের উপর হামলার তীব্র নিন্দা জানিয়ে জড়িতদের গ্রেপ্তারও দুষ্টান্তমূলক শাস্তির দাবি তোলেন। হামলার সাথে জড়িতরা আটক না হলে মেহেরপুরের সর্বস্তরের সাংবাদিকরা মানববন্ধন ছাড়াও কঠোর কর্মসূচি দিতে বাধ্য থাকবে বলেও জানান।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধাদের র্যালি ও মানববন্ধন

বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই কানুকে যে অপমান করা হয়েছে, তা ইতিহাসে বিরল এবং কল্পনারও অতীত। এ ধরনের ঘটনা আমাদের জাতীয় মানসিকতা ও অর্জনকে প্রশ্নবিদ্ধ করেছে। যারা এ ধরণের অপকর্ম করছে, তাদের উদ্দেশ্যে বলতে চাই, আপনারা অতীতে ভুল করেছেন এবং এখনও ভুল করছেন। কিন্তু সংশোধন হওয়ার জন্য এখনো সময় আছে।

আজ রবিবার (২৯ ডিসেম্বর) সকালে কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই কানুকে গলায় জুতার মালা পরিয়ে লাঞ্ছিত করার ঘটনার প্রতিবাদে মেহেরপুর জেলা প্রশাসন কার্যালয়ের সামনে অনুষ্ঠিত এক মানববন্ধনে বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক এ কথা বলেন।

তিনি আরো বলেন, আপনারা বিভিন্ন সময়ে বিপ্লবের কথা বলেন, পরিবর্তনের কথা বলেন, যা ভালো। আমরাও চাই দেশে ইতিবাচক পরিবর্তন আসুক। কিন্তু আপনাদের সাহস কোথা থেকে আসে, যে আপনারা আমাদের দেশের নাম পরিবর্তন করবেন? আমাদের মুক্তিযুদ্ধের ইতিহাস মানবেন না, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকে অস্বীকার করবেন, বিজয় দিবস ও জাতীয় পতাকা নিয়ে প্রশ্ন তুলবেন? সংবিধান ছুড়ে ফেলে দেবেন? এই ধৃষ্টতা আপনাদের কোথা থেকে হলো, তা আমাদের বোধগম্য নয়। মুক্তিযোদ্ধাদের লাঞ্ছনা বন্ধ করুন। মুক্তিযোদ্ধারা আমাদের জাতির শ্রেষ্ঠ সন্তান। তাদের সম্মান নষ্ট করার অধিকার কারও নেই।

একটি বিশেষ দলের পক্ষ থেকে বলা হয়েছে, এই দেশে নাকি মাত্র দুটি সংস্থা দেশপ্রেমি সেনাবাহিনী এবং তারাই। আর বাকি কেউ দেশপ্রেমিক নয়! এই দুঃসাহসের উৎস কী? এমন চিন্তাধারা মুক্তিযুদ্ধের চেতনাকে আঘাত করে এবং জাতিকে বিভক্ত করার অপচেষ্টা চালায়।

আমাদের আহ্বান, মুক্তিযোদ্ধাদের যথাযথ সম্মান করতে শিখুন। আমাদের স্বাধীনতার ইতিহাস, বিজয়ের গৌরব, এবং সংবিধান রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। এটি শুধু মুক্তিযোদ্ধাদের নয়, সমগ্র জাতির মর্যাদার বিষয়।

বীর মুক্তিযোদ্ধা আব্দুল মজিদ পাতানের সঞ্চালনায় মানববন্ধনে এছাড়াও বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা আবুল কাসেম, বীর মুক্তিযোদ্ধা ওউমেদীন মাষ্টার, বীর মুক্তিযোদ্ধা মোঃ আমজাদ হোসেন, বীর মুক্তিযোদ্ধা গুরুদাস হালদার, বীর মুক্তিযোদ্ধা আব্দুল আজিজ, মুক্তিযোদ্ধা সন্তান টুটুল এবং কিতাব আলী।

বীর মুক্তিযোদ্ধা আবুল কাসেম বলেন, আজ যারা কানু ভাইকে জুতার মালা পরিয়েছেন, তাদের পিতাদেরও মুক্তিযোদ্ধা হওয়া উচিত ছিল। আমার বিশ্বাস, যারা আজ এমন কাজ করতে সক্ষম, তাদের পিতারা যদি মুক্তিযোদ্ধা হতেন, তবে তারা হয়তো তাদের পিতাদের গলাতেও জুতার মালা পরাত। কুমিল্লার চৌদ্দগ্রামে মুক্তিযোদ্ধা কানু ভাইকে গলায় জুতার মালা পরিয়ে যেভাবে হেনস্তা করা হয়েছে, তা আমাদের স্বাধীনতার ওপর আঘাত এবং স্বাধীনতাকে অপমান করার শামিল।

মুক্তিযোদ্ধাদের প্রতি এমন আচরণের প্রেক্ষিতে আমাদের কেবল প্রতিবাদ, শোক এবং নিন্দা জানানোর ক্ষমতাই অবশিষ্ট রয়েছে। আমরা কি সেই বাংলাদেশে বসবাস করছি, যে বাংলাদেশের জন্য আমরা যুদ্ধ করেছিলাম?

মানবন্ধন কর্মসূচির আগে জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে এসে শেষ হয়। র্যালিতে জেলার মুক্তিযোদ্ধা, স্থানীয় জনপ্রতিনিধি, সামাজিক সংগঠনের নেতাকর্মী এবং সাধারণ জনগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে তসলিাম হত্যা মামলায় ২ জন আটক

মেহেরপুরে চাঞ্চল্যকর তাসলিমা খাতুন হত্যা মামলায় আসামি সন্দেহে নিহতের দুলাভাই (বোন জামায়) তার পুত্রকে গ্রেফতার করেছে র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুর ক্যাম্প।

গ্রেফতারকৃতরা হলেন-মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের মৃত

খোদা বকসের ছেলে শরিফ উদ্দীন (৬৫) ও তার ছেলে সবুজ হোসেন (২৯)। তারা সম্পর্কে নিহত তসলিমার বোন জামায় ও ভাগ্নে হয়।

গতকাল শনিবার (২৮ ডিসেম্বর) দিবাগত রাত ১০টার দিকে স্থানীয় সাংবাদিকদের এক প্রেস রিলিজ দিয়ে র্যাব-১২ গাংনী ক্যাম্পের কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার আশরাফ উল্লাহ (পিপিএম) এই তথ্য নিশ্চিত করেন।

গাংনী ক্যাম্প কমান্ডার আশরাফ উল্লাহের নেতৃত্বে র্যাবের একটিদল গতকাল শনিবার বিকল সাড়ে ৫টার দিকে মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামে তাদের এক আত্মীয় বাড়িতে অভিযান চালিয়ে তাদের দুজনকে আটক করে।

ক্যাম্প কমান্ডার ও অতিরিক্ত পুলিশ সুপার আশরাফ উল্লাহ (পিপিএম) জানান, গত ২৬ ডিসেম্বর সকাল ৯টার দিকে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের তাসলিমা খাতুনের ক্ষতবিক্ষত লাশ বাড়ির পাশের একটি বিলের কচুরিপানার ভিতর থেকে উদ্ধার করে সদর থানা পুলিশ। আগের দিন তাসলিমা নিজ বাড়ি থেকে পুকুর দেখতে গিয়ে নিখোঁজ হয়েছিল। এ ঘটনায় তাসলিমার ভাই লাল্টু মহাম্মদ বাদি হয়ে অজ্ঞাতনামা ব্যক্তিদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। যার মামলা নং ২৪, তারিখ ২৭/১২/২৪ ইং। গ্রেপ্তারকৃতরা ওই মামলার আসামি।

গ্রেফতারকৃত আসামীদের আইনানুগ পদক্ষেপ গ্রহণের নিমিত্তে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

এদিকে এই রিপোর্ট লেখা পর্যন্ত রাত ১ টা পর্যন্ত মামলা তদন্তকারী অফিসার মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) শফিকুল ইসলাম শিশু জানান, মামলার সন্দিগ্ধ আসামি উদ্দীন ও তার ছেলে সবুজ হোসেনকে জিজ্ঞাসাবাদ চলছে।

মেহেরপুরে জেলা বিএনপি’র প্রবীণ নেতাদের সাথে সৌজন্য সাক্ষাৎ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণের সময় মেহেরপুর জেলা বিএনপি’র প্রবীণ নেতাদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ।

আজ শনিবার (২৮ ডিসেম্বর) বিকেলে দিকে মেহেরপুর পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে প্রবীণ বিএনপির নেতাদের সাথে এই সৌজন্য সাক্ষাৎ করেন।

সে সময় বিএনপির সাবেক নেতা আব্দুর রশিদ, তকবির হোসেন, আসাদুল, আজিম উদ্দিন, সাইফুল ইসলাম, নুরুলনবী বাবু উপস্থিত ছিলেন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, মেহেরপুর জেলা যুবদলের সহ সভাপতি আনিসুর রহমান লাভলু, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের যুগ্ম আহবায়ক মশিউর আলম দিপু, বিএনপি’র নেতা নাহিদ আহমেদ, পৌরসভা ৬নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক জনি, পৌরসভার ২নং ওয়ার্ডের যুবদল নেতা ইমন বিশ্বাস সহ বিভিন্ন নেতাকর্মীরা।

গাংনী উপজেলা প্রেসক্লাবের নয়া কমিটি

গাংনী উপজেলা প্রেসক্লাবের ২০২৫-২০২৬ বছরের জন্য জুলফিকার আলী কানন বিনা প্রতিদ্বন্দ্বীতায় সভাপতি নির্বাচিত হয়েছেন। এছাড়া প্রেসক্লাবের সদস্যদের প্রত্যক্ষ ভোটে সাধারণ সস্পাদক নির্বাচিত

হয়েছেন মিয়াদুল ইসলাম।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি যথাক্রমে মাসুদ পারভেজ ও লিটন মাহমুদ। যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম কবি, কোষাধ্যক্ষ- আসাদুল্লাহ আল গালিব, সাংগঠনিক সম্পাদক রহিদুল ইসলাম রাসেল, দপ্তর সম্পাদক এজাজ উদ্দিন ছোটন, প্রচার সম্পাদক রকিবুল ইসলাম রকি, নির্বাহী সদস্য এমএ লিংকন, এমএন পাভেল, আমিরুল ইসলাম অল্ডাম, সাহাজুল ইসলাম সাজু ও বদরুজ্জামান।

বছরের শুরুতেই ৬ জন নতুন সদস্যকে অন্তর্ভুক্ত করা হয়েছে এরা হলেন, আক্তারুজ্জামান, সাঈদ হাসান, হাসানুজ্জামান, তরিকুল ইসলাম, ফিরোজ আহমেদ পলাশ, মাহাবুল ইসলাম।

মেহেরপুরে অনলাইন জুয়ার ২ এজেন্ট আটক

অনলাইন জুয়ার এজেন্ট চ্যানেল পরিচালনার অভিযোগে দুজনকে গ্রেপ্তার করেছে মেহেরপুর জেলা পুলিশ। শুক্রবার (২৭ ডিসেম্বর) সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট তাদের গ্রেপ্তার করে।

আটক দুজন হলেন মেহেরপুরের গোপালপুর গ্রামের আশিক ও স্বপন। তাদের কাছ থেকে অনলাইন জুয়া সাইট মোস্ট বেটের সাব এজেন্ট চ্যানেল উদ্ধার করা হয়েছে।

জানা গেছে, শুক্রবার (২৭ ডিসেম্বর) বিকালে আশিক ও স্বপনকে কোটিপতিদের গ্রাম বলে খ্যাত কোমরপুরের ঈদগাহ তলা পাড়ার একটি সেলুন (চুল কাটার দোকান) থেকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার আশিক পুলিশ সদস্য।

বিস্তারিত আসছে…

মেহেরপুরে জেলা বিএনপি’র পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ শনিবার (২৮ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে জেলা বিএনপি’র আয়োজনে পথসভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠানের নেতৃত্ব দেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খাঁন সাতু, সাবেক যুগ্ম সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা খাতুন, পিপি অ্যাডভোকেট আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব ও জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনিসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় নেতারা সাধারণ মানুষের মাঝে লিফলেট বিতরণ করে তাদের সমর্থন কামনা করেন।

মেহেরপুরে বাঁধাকপি ও ফুলকপি চাষীরা দিশেহারা

মেহেরপর একটি সবজি খ্যাত জেলা। এ জেলার চাষিরা সারা বছরই বিভিন্ন সবজির আবাদ করে জীবিকা নির্বাহ করেন। জেলার মানুষের অর্থকরী ফসল বিভিন্ন সবজি। এবছরেও ব্যাপক পরিমাণে সবজির চাষ হয়েছে। এখানকার উৎপাদিত সবজি স্থানীয় চাহিদা মিটিয়ে রাজধানী ঢাকাসহ দেশের

বিভিন্ন এলাকায় রপ্তানি হয়। কিন্তু বর্তমানে সবজির বাজার দর খুবই কম। উৎপাদিত সবজির কাঙ্ক্ষিত দাম না পেয়ে হতাশ হয়ে পড়েছেন জেলার চাষিরা। পরিবহন ও শ্রমিক খরচের টাকাও উঠছেনা সবজি বিক্রি করে।

ক্রেতা কম থাকায় অধিকাংশ সবজিই নষ্ট হচ্ছে জমিতে। এতে ভালো নেই সবজি চাষি ও বিক্রেতারা। চাষিরা বলছেন, বাজারেও দাম নেই,পাইকারি ব্যবসায়ীরাও আসছেনা। জমিতে নস্ট হচ্ছে বাঁধাকপি ও ফুলকপি।

কৃষি বিভাগ বলছেন, একই সাথে মেহেরপুরসহ সারা দেশের শীতকালের সবজি উঠতে শুরু করেছে তাই এমন দরপতন।
জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্ত থেকে প্রাপ্ত তথ্য মতে জেলায় এবছর ফুলকপির আবাদ হয়েছে ১ হাজার ১২০ হেক্টর, বাঁধাকপির আবাদ হয়েছে ১ হাজার ৬০ হেক্টর

এর মধ্যে গাংনী উপজেলায় বিভিন্ন মাঠে ১৬০ হেক্টর ফুলকপি এবং ১৫৫ হেক্টর বাঁধাকপির আবাদ হয়েছে।

মেহেরপুর জেলার সদর বাজারসহ বেশকটি বাজারে খোঁজ নিয়ে জানা গেছে, বাজারে বাঁধাকপি, ফুলকপির ভরা মৌসুম। মাঠে রয়েছে চিচিংগা, করল্লা, টম্যাটো, বেগুন, ঢেঁড়স, আলু, কুমড়া, মিষ্টি কুমড়াসহ পর্যাপ্ত পরিমাণ সবজি । কিন্তু সবজির তুলনায় ক্রেতা কম। এতে অধিকাংশ কাঁচামাল নষ্ট হয়ে লোকসানে রয়েছেন বিক্রেতারা। গাংনী বাজারের কয়েকজন সবজি বিক্রেতা জানান, সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বেচাকেনা করতে হচ্ছে। বাজারে সবজির দামও কমেছে, ক্রেতার সংখ্যাও কমেছে। এতে সবজি নষ্ট হচ্ছে। লোকসান গুনতে হচ্ছে ব্যবসসয়ীহ চাষিদের।

গাংনীর সাহারবাটি গ্রামের সবজি চাষিরা জানান, একবিঘা জমিতে ফুলকপির আবাদ করতে খরচ হয়েতে ২৫ হাজার টাকা। সাথে রয়েছে শ্রমিক ও পরিবহন খরচ।

এখন এক বিঘা জমির ফুলকপি বিক্রি হচ্ছে ১৫ থেকে ২০ হাজার টাকা। এতে ট্রাক ভাড়া ও শ্রমিক খরচের টাকা হচ্ছনা। আগামীতে সবজি চাষ করবেননা বলেই হতাশা ব্যক্ত করেন চাষিরা।

ফুলকপি চাষি সাহারবাটি গ্রামের ইদ্রিস আলী,রুহুল আমীন,জহুরুল ইসলাম,সামিউল আলম জানান,অনেক আশা নিয়ে ফুলকপি ও বাঁধাকপির আবাদ করেছিলাম। ফলনও হয়েছে ভাল। মাঠজুড়ে শুধু কপির জমি দেখা যায়। একেকটি কপির ওজন হয়েছে দেড় থেকে দুই কেজি। এখনও বিক্রি করতে

পারিনি। জমিতে অনেক ফুল ফুটে নস্ট হয়ে যাচ্ছে। কোনো উপাই না পেয়ে বাধ্য হয়ে স্থানীয় বাজারে ৪/৫ টাকা পিচ বিক্রি করতে হচ্ছে। ঢাকা, চট্রোগ্রাম, সিলেট ও বরিশালে পাঠিয়েও কোনমতে ট্রাক ভাড়া হচছে। ঘর থেকে শ্রমিক খরচ দিতে হচ্ছে। সার ও কীটনাশকের দোকান থেকে ধার দেনা করে আবাদ করছি। বিক্রির পর দেনা পরিশোধ করবো। কিন্তুু সে আশায় ভাটা পড়েছে। অনেক টাকা দেনা পরিশোধ করতে হলে সমিতি থেকে ঋন করতে হবে।

কাথুলী গ্রামের সোলাইমান হোসেন বলেন,বাঁধাকপি কয়েক সপ্তাহ রাখা গেলেও ফুলকপি বিক্রির উপযোগী হওয়ার সাথে সাথে বিক্রি করতে হয়।তা নাহলে ফুল ফুটে গেলে বিক্রির অনুপযোগী হয়ে পড়ে। আমার এক বিঘা জমির ফুলকপির বিক্রি করতে না পারায় জমিতে নস্ট হচ্ছে।

সদর উপজেলার বৈকুণ্ঠপুর গ্রামের বাঁধাকপি চাষি পারভেজ বলেন, আমার দুই বিঘা জমির বাঁধাকপি বিক্রির উপযোগী হয়েছে। স্থানীয় বাজারে ক্রেতা নেই। পরিবহন খরচ না হওয়ায় বাইরের বাজারেও পাঠাতে পারছিনা। অনেক কপি পাখিতে ঠুকরিয়ে নস্ট করছে। সব খরচ ও শ্রম সবই বৃথা।

পাইকারি ব্যবসসয়ী আবুল বাসরা,আঙ্গুর আলী ও জিয়াউল ইসলাম বলেন, আমরা প্রথম প্রথম চাহিদা অনুমান করে প্রতিবিঘা জমির বাঁধাকপি ৬০ হাজার ও ফুলকপি ৭০ হাজার টাকায় কিনে রেখেছি। এখন আর বিক্রি করতে পারছিনা। ঢাকা,সিলেট,চট্রোগ্রাম, বরিশালে পাঠানো হলেও চালান ঘুরছেনা।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিজয় কৃঞ্ষ হালদার বলেন, প্রতিবছর এ মৌসুমে মেহেরপুরে ব্যাপক ভাবে বাঁধাকপি ও ফুলকপির আবাদ হয়। হঠাৎ দরপতন হয়েছে। তবে আমরা বিভিন্ন জেলায় যোগাযোগ করছি সবজি বিক্রির জন্য।

গাংনীতে জামায়াতের শিক্ষা

শিবির অনুষ্ঠিত

গাংনীতে জামায়াতে ইসলামীর গাংনী পৌর শাখার ৮ নং ওয়ার্ডের এক কর্মী শিক্ষা শিবির (টিএস) অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২৭ ডিসেম্বর) সকালে গাংনী উপজেলা জামায়াতের কার্যালয়ে শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

গাংনী পৌরসভার ৮ নম্বর জামায়াতের সভাপতি হাসান সাঈদ সরোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত টি এস এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাঃ রবিউল ইসলাম, মেহেরপুর সদর জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, জেলা কর্মপরিষদ ও সূরা সদস্য নাজমুল হুদা।

এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন পৌর জামায়াতের বাইতুলমাল ও রাজনৈতিক সেক্রেটারি মাওলানা জিল্লুর রহমান, ৮ নম্বর ওয়ার্ড সেক্রেটারি মোঃ মনিরুল ইসলাম, ৭ নম্বর ওয়ার্ড সভাপতি মোঃ তমিজ উদ্দিন প্রমুখ।